mgev‡q Moe
†`k. ^elg¨nxb

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমবায় কার্যালয়**
রায়গঞ্জ,সিরাজগঞ্জ

## এক নজরে রায়গঞ্জ উপজেলা সমবায় সমবায় বিভাগের কার্যক্রমঃ

1) **সমবায় সমিতি নিবন্ধনঃ ক্ষু**দ্র সঞ্চয়, পুঁজি গঠন, লাভজনক খাতে পুঁজি বিনিয়োগ এবং শেয়ারের ভিত্তিতে মুনাফা বন্টন- এ আলোকে সমবায় সমিতি সংগঠনে উদ্‌বুদ্ধকরণ এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান মোতাবেক ২৯ প্রকার সমবায় সমিতি নির্ধারিত নিবন্ধন ফিসহ নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিবন্ধন করা হয়। এ ছাড়া নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সমবায় সমিতির উপ-আইন (গঠনতন্ত্র) এর সংশোধনী নিবন্ধন করা হয়।

2) **বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনঃ** প্রত্যেকটি সমবায় সমিতি বছরে একবার নিরীক্ষা করা হয় এবং নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে তদন্তপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

3) **পরিদর্শনঃ** প্রত্যেক  মাসে নির্ধারিত সংখ্যক সমবায় সমিতি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে সংশ্লিষ্ট সমিতিকে পরামর্শ প্রদানসহ যথাযথ ক্ষেত্রে সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

4) **তদন্তঃ** সমবায় সমিতি বা উহার ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ আইনের বিধান মোতাবেক তদন্ত করতঃ দ্রুত প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়। (জেলার ক্ষেত্রে প্রযোজ্য)

5) **বিরোধ নিষ্পত্তিঃ** আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমবায় সমিতির যাবতীয় বিরোধ নির্ধারিত কোর্ট ফি প্রাপ্তি সাপেক্ষে নিষ্পত্তি করা হয়। (জেলার ক্ষেত্রে প্রযোজ্য)

6) **অবসায়ন ও নিবন্ধন বাতিলঃ** আইন ও বিধি মোতাবেক অকার্যকর সমবায় সমিতি অবসায়নে ন্যস্ত করা হয় ও অবসায়কের প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত সমবায় সমিতির নিবন্ধন বাতিল করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হয়। (জেলার ক্ষেত্রে প্রযোজ্য)

7)

8) **ব্যবস্থাপনা কমিটি নিয়োগ ও বহিস্কারঃ** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতিতে এবং ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার কম শেয়ার মূলধন বিশিষ্ট এদপ্তর হতে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়| ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত সাপেক্ষে প্রমাণিত হলে দায়ী ব্যবস্থাপনা কমিটি বা উহার সদস্যকে বহিস্কার করা হয়।

9) **নির্বাচন কমিটি নিয়োগঃ** সকল কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার কম পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিটি নিয়োগ করা হয়।

10) **নির্বাচন সংক্রান্ত আপীল নিষ্পত্তিঃ** জেলা ব্যাপী এবং উহার কম কর্ম এলাকা বিশিষ্ট সকল প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনে মনোনয়নপত্র বৈধ কিংবা বাতিল ঘোষণা সংক্রামত্ম আপীল নির্ধারিত কোর্ট ফি প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়। (জেলার ক্ষেত্রে প্রযোজ্য)

11) **নন-ট্যাক্স রাজস্ব আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক নিবন্ধন ফি এবং বার্ষিক নিরীক্ষা ফি (সমিতির বার্ষিক নীট লাভের ১০০ টাকা বা উহার অংশ বিশেষের জন্য ১০ টাকা হারে সর্বোচ্চ ১০০০০ টাকা) ধার্য ও আদায় করা হয়।

12) **সমবায় উন্নয়ন তহবিল আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক বার্ষিক নিরীক্ষার ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিল (নীট লাভের ৩% হারে) ধার্য ও আদায় করা হয়।

13) **প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহঃ** বিধি মোতাবেক কোর্ট ফিসহ আবেদন প্রাপ্তি সাপেক্ষে এ দপ্তরে সংরক্ষিত সমবায় সমিতির যে কোন রেকর্ড বা দলিলের প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহ করা হয়।

14) **বার্ষিক বাজেট অনুমোদনঃ** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন করা হয় (জেলার ক্ষেত্রে প্রযোজ্য)

15) **বার্ষিক বিনিয়োগ প্রস্তাব অনুমোদনঃ** প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বার্ষিক ৫ (পাঁচ) লক্ষ্যে এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে বার্ষিক ১০(দশ) লক্ষ টাকার বেশী বিনিয়োগের প্রকল্প প্রস্তাব আইন ও বিধি মোতাবেক অনুমোদন করা হয়।

16) **প্রশিক্ষণঃ** এ দপ্তরের প্রশিক্ষণ ইউনিট কর্তৃক জেলাধীন নিবন্ধন প্রত্যাশি প্রত্যেকটি সমবায় সমিতির সদস্যগণকে **সমবায়** এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান সম্পর্কে নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ প্রদান করা হয়। আগ্রহী সমবায় সমিতিগুলোকে ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় হিসাব সংরক্ষণ ও সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়া বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট,নওগাঁ সমবায় ব্যবস্থাপনা,হিসাবরক্ষণ পদ্ধতি, আয়-বর্ধক ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে জেলাধীন সমবায়ীগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। প্রশিক্ষণকালে সঞ্চয়ের গুরুত্ব ও পুঁজি গঠণের কৌশলসহ সমবায়ীগণকে বিভিন্ন সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়, সমস্যা ও সমাধান সম্পর্কে সচেতনতা সৃষ্টি, ধারণা বিনিময় ও নাগরিক দায়িত্ব সম্পর্কে অনুপ্রাণিত করা হয়।

17) **তদারকি ও পরিচর্যাঃ** জেলাধীন অধিক কার্যকর সমবায় সমিতিগুলোকে মাসিক ভিত্তিতে তদারকি ও পরিচর্যা করা হয়। আর্থ-সামাজিক উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে এ সমিতিগুলোকে পরামর্শ প্রদান করা হয়।

18) **আশ্রয়ন প্রকল্পঃ** উপজেলাধীন 11টি আশ্রয়ন প্রকল্পে প্রদত্ত ঋণের সাপ্তাহিক কিস্তি আদায় করা হয়।

19) **অন্যান্য প্রকল্পঃ** সমবায় অধিদপ্তরের আইসিটি ও ই-সিটিজেন সার্ভিস উন্নয়ন প্রকল্প (চলমান),ফ্যামিলি ওয়েলফেয়ার প্রকল্প (সমাপ্ত),সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প (সমাপ্ত), এলজিইডি ও সমবায় অধিদপ্তর কর্তৃক যৌথভাবে ক্ষুদ্র পানি ব্যবস্থাপনা প্রকল্প (২য় ফেইজ) (চলমান) এর বাস্তবায়ন কাজ করা হয়।

20) **অভিযোগ নিষ্পত্তিঃ** সমবায় সমিতি কিংবা বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে প্রাপ্ত যে কোন অভিযোগ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি করা হয়।

21) **সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালনঃ** নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী সমবায় সমিতি আইন ও বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা হয়।

22) **বিভাগীয় আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালনঃ** যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী জেলা সমবায় অফিসার, যশোর এর নিয়ন্ত্রণে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা হয়।

23) **উন্নয়ন সমন্বয়কের দায়িত্ব পালনঃ** রায়গঞ্জ উপজেলা সমবায় অধিদপ্তরের নির্বাহী প্রধান হিসেবে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সমবায় অধিদপ্তরের যাবতীয় কর্মকান্ডের সমন্বয় সাধন করা হয়।

24) **তথ্য প্রদানঃ** প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত আবেদনের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য প্রদান করা হয়।

## এক নজরে রায়গঞ্জ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম

বর্তমানে পৃথিবীতে ১৯৩ টি দেশে সমবায় ভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাংলাদেশের প্রায় ১ কোটি ২৪ লক্ষ সদস্যর অংশ গ্রহনে গঠিত ১ লক্ষ বিরাশি হাজার ৭১ টি সমবায় সমিতি ও এ কাজে কল্যাণ কাজের অংশীদার। রায়গঞ্জ উপজেলাতে মোট কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ০৩টি ও প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৪৮ টি ও বিআরডিবি(পউবো) সংখ্যা ৪৩৬টি সদস্য সংখ্যা ১৫ হাজার ২৪০ জন। মোট সমিতির সমুহের কার্যকরী মূলধনের পরিমান ১৮ কোটি ৬০ লক্ষ টাকা,স্থাবর সম্পদের পরিমান ১৯ কোটি টাকার উর্দ্ধে।

**০১। ক্যাটাগরি ভিত্তিক সমবায় সমিতির সংখ্যাঃ**

| ক্রমিক নং | ক্যাটাগরি ভিত্তিক সমিতির নাম | সংখ্যা |
|---|---|---|
| 1 | কেন্দ্রীয় সমবায় সমিতি | 03 |
| 2 | কৃষি সমবায় সমিতি | 03 |
| 3 | মৎস্যজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি | 54 |
| 4 | মহিলা সমবায় সমিতি | 08 |
| 5 | মুক্তিযোদ্ধা সমবায় সমিতি | 01 |
| 6 | যুব উন্নয়ন সমবায় সমিতি | 02 |
| 7 | সার্বিক/ আদর্শ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | 06 |
| 8 | শ্রমিক/ শ্রমিক ক্যলান সমবায় সমিতি | 04 |
| 9 | সিআইজি সমবায় সমিতি | 07 |
| 10 | ভূমিহীন সমবায় সমিতি | 03 |
| 11 | ব্যবসায়ী সমবায় সমিতি | 10 |
| 12 | বনিক সমবায় সমিতি | 04 |
| 13 | চালক সমবায় সমিতি | 03 |
| 14 | কাল্বভূক্ত সমবায় সমিতি | 03 |
| 15 | আশ্রয়ন সমবায় সমিতি | 12 |
| 16 | মালিক সমবায় সমিতি | 04 |
| 17 | সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | 02 |
| 18 | বহুমুখী সমবায় সমিতি | 21 |
| 19 | অন্যান্য সমবায় সমিতি | 02 |
| 20 | বিআরডিবি(পউবো) | |
| | কৃষক সমবায় সমিতি | ২৫৮ |
| 21 | মহিলা সমবায় সমিতি | 61 |
| 22 | বিত্তহীন সমবায় সমিতি | 117 |
| | সর্বোমোট- | 587 |

02। ৫৮৭টি সমিতির মোট সদস্য সংখ্যা 15 হাজার ২৪০ জন

০৩। মোট সমিতির কার্যকরী মূলধন-১৮ কোটি ৬০ লক্ষ টাকা

০৪। ২০২২-২০২৩ সমবায় বর্ষে নিরীক্ষা আলোকে ধার্যকৃত সিডিএফ আদায় ৩ লক্ষ ৫৫ হাজার ৮৭৪ টাকা

০৫। ২০২২-২০২৩ সমবায় বর্ষে নিরীক্ষা আলোকে ধার্যকৃত অডিট ফি আদায় ১ লক্ষ ২৫ হাজার ২২০ টাকা

**০৬। সমবায় সমিতি কর্তৃক নিজস্ব উদ্দ্যোগে গৃহীত প্রকল্পসমুহঃ**

- ❖ ক্ষুদ্র ব্যবসা
- ❖ মৎস্য চাষ
- ❖ বিপনন
- ❖ নারী উন্নয়ন প্রকল্প
- · হস্ত শিল্প
- · কৃষি
- · তৈল উৎপাদন
- · গরুছাগল পালন
- · কুঠির শিল্প
- · ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ কার্যক্রম
- · তাঁত শিল্প
- · হাট বাজার ইজারা

## ০৭। <u>(ক) আশ্রয়ন প্রকল্প ফেইজ-২</u>

০১) আশ্রয়ন প্রকল্প সংখ্যাঃ আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) ৩টির মধ্যে ২টির কার্যক্রম

ক) আবাস হতে প্রাপ্ত ঋনের পরিমান- 840000.00

খ) প্রকল্পওয়ারি ঋণ দাদন পরিমান(ক্রমপুঞ্জিভূত) ২৩০৪০০০.০০

গ) এ পর্যন্ত ঋণ আদায়(ক্রমপুঞ্জিভূত)১৭৪৯০৬৩.০০

ঘ) ব্যাংক স্থিতির পরিমান(30শে জুন/২০২৪)৫২০৩২৩.০০

**<u>(খ) আশ্রয়ন প্রকল্প-২</u>**

০১) আশ্রয়ন প্রকল্প সংখ্যাঃ আশ্রয়ন প্রকল্প ২) ৪টির মধ্যে ২টির কার্যক্রম

ক) আবাস হতে প্রাপ্ত ঋনের পরিমান- 82700000.00

খ) প্রকল্পওয়ারি ঋণ দাদন পরিমান(ক্রমপুঞ্জিভূত) 1775000.00

গ) এ পর্যন্ত ঋণ আদায়(ক্রমপুঞ্জিভূত) 1173598.০০

ঘ) ব্যাংক স্থিতির পরিমান(30শে জুন/২০২৪)2990691.00

## আইডিয়াসমুহ নিম্নরুপঃ-

০৮। ই-নথি সংক্রান্ত- মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক পরিচালিত এ টু আই প্রকল্পের ই-নথি কার্যক্রম এদপ্তরে চলমান আছে। এ দপ্তরের যাবতীয় পত্র হার্ডকপির পাশাপাশি নিয়মিত ডি-নথিতে সম্পন্ন করা।

স্বাক্ষরিত
(মোঃ দেলোয়ার হোসেন)
উপজেলা সমবায়
কর্মকর্তা
রায়গঞ্জ,সিরাজগঞ্জ।